# বাংলাভিশনকে টিআরপিতে রাখতে বিএসসিএল কর্মকর্তাদের হুমকির অভিযোগ



ছবি: সংগৃহীত

টিআরপি রেটিংয়ে বাংলাভিশনকে শীর্ষ তিনে রাখতে বিএসসিএলের কর্মকর্তাদের হুমকি দেওয়ার অভিযোগ উঠেছে। এ ঘটনায় রমনা থানায় জিডি করেছেন প্রতিষ্ঠানটির সহকারী আইন কর্মকর্তা মো. জিয়াউল ইসলাম। আল জাজিরার অনুসন্ধানী সাংবাদিক জুলকারনাইন সায়ের এক ফেসবুক পোস্টে এই তথ্য তুলে ধরেন।

তিনি ফেসবুক পোস্টে লিখেন, গত ৯ জুলাই দুপুরে 'নাইম' নামে পরিচয় দেওয়া একজনসহ তিন ব্যক্তি রাজধানীর কাজী নজরুল ইসলাম এভিনিউয়ে বিএসসিএলের প্রধান কার্যালয়ে যান। কারওয়ান বাজার থেকে এসেছেন বলে পরিচয় দিয়ে তারা ভবনে প্রবেশ করেন। পরে সহকারী মহাব্যবস্থাপক এস এম আনোয়ারুল আজিজের কক্ষে গিয়ে টিআরপি শাখার ঊর্ধ্বতন ব্যবস্থাপক মো. মুনতাসিরুর রহমানকে ডেকে পাঠান।


জিডিতে উল্লেখ করা হয়েছে, আলোচনার সময় ওই ব্যক্তিরা বাংলাভিশনকে টিআরপি তালিকার প্রথম তিনটির মধ্যে রাখার জন্য চাপ দেন। তাদের কথা না শুনলে অফিসে, যাতায়াতের পথে গাড়িতে কিংবা বাসায় গিয়ে ক্ষতি করার হুমকি দেওয়া হয় বলেও অভিযোগ করা হয়েছে। ওই সময় বিএসসিএলের ব্যবস্থাপক তৌহিদুল ইসলামও সেখানে উপস্থিত ছিলেন।

জিডিতে আরও বলা হয়, ঘটনার পর টিআরপি সেবার সঙ্গে যুক্ত ৭ থেকে ৮ জন কর্মকর্তা ও পরামর্শক নিজেদের পাশাপাশি পরিবারের সদস্যদের নিরাপত্তা নিয়েও উদ্বিগ্ন হয়ে পড়েছেন। এতে বাণিজ্যিকভাবে পরিচালিত টিআরপি সেবা কার্যক্রমও ঝুঁকিতে পড়েছে বলে অভিযোগে উল্লেখ করা হয়েছে।

LENS ASIA

রমনা থানার ওসি মোহাম্মদ রাহাৎ খান জিডিটি গ্রহণ করে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়ার নির্দেশ দিয়েছেন।

এদিকে, সরকারি প্রতিষ্ঠানে ঢুকে কর্মকর্তাদের ভয়ভীতি দেখানোর সময়কার কথোপকথনের একটি রেকর্ড হাতে পাওয়ার কথা জানিয়েছেন জুলকারনাইন সায়ের। জনস্বার্থে সেটি প্রকাশ করা হয়েছে বলেও তার পোস্টে উল্লেখ করা হয়। একই সঙ্গে ঘটনায় জড়িতদের দ্রুত শনাক্ত করে দৃষ্টান্তমূলক ব্যবস্থা নেওয়ার প্রত্যাশা জানিয়েছেন তিনি।



থানায় হাজির হইয়া এই মর্মে জানাতেছি যে আমি বর্তমানে সহকারী আইন কর্মকর্তা (সহকারী ব্যবস্থাপক)- পদে বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড-এ কর্মরত আছি। এস এম আনোয়ারুল আজিজ, সহকারী মহাব্যবস্থাপক (টেকনোলজি, প্ল্যানিং এন্ড ভ্যাস) এবং মোঃ মুনতাসিরুর রহমান, উর্ধ্বতন ব্যবস্থাপক (টিআরপি), বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড-এ কর্মরত আছেন। গত ০৯ জুলাই ২০২৬ তারিখ (বৃহস্পতিবার) বেলা আনুমানিক ০১:৩০ ঘটিকার সময় জনৈক 'নাইম' (ছদ্মনাম হতে পারে) নামের একজনসহ মোট ৩ জন ব্যক্তি জনাব এস এম আনোয়ারুল আজিজ কে অনুসরণ করে বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড-এর প্রধান কার্যালয় (লেভেল- ৭, সেল রোজ-এন-ডেল, ১১৬, কাজী নজরুল ইসলাম এভিনিউ)-এ আসেন এবং প্রধান ফটকে দায়িত্বরত আনসার সদস্যের নিকট উপরোক্ত কর্মকচারীদের সাথে দেখা করতে চান। দায়িত্বরত আনসার সদস্য তাদের পরিচয় জানতে চাইলে তারা জানান যে, তারা কারওরান বাজার থেকে এসেছে এবং দেখা করেই পূর্নাঙ্গ পরিচয় দিবেন। তৎপরতীকালে, তারা জনাব এস এম আনোয়ারুল আজিজ এর কক্ষে প্রবেশ করেন এবং জনাব মোঃ মুনতাসিরুর রহমান কে রুমে ডাকতে বলেন। জনাব মোঃ মুনতাসিরুর রহমান সেই সময় লাঞ্চে থাকার কারনে জনাব আজিজ এর কক্ষে পূর্ব থেকে উপস্থিত বিএসসিএল এর অপর একজন কর্মচারী জনাব তৌহিদুল ইসলাম, ব্যবস্থাপক-এর সামনেই কথোপকথন শুরু করেন। কথোপকথনের এক পর্যায়ে উল্লেখিত ৩ জন ব্যক্তি টেলিভিশন রেটিং পয়েন্ট (টিআরপি)-এর রেটিং-এ 'বাংলাভিশন' টিভি চ্যানেল-কে ১ থেকে ৩ এর মধ্যে রাখার জন্য বিভিন্নভাবে ভয়ভীতি প্রদর্শনপূর্বক প্ররোচিত করার চেষ্টা করেন এবং 'বাংলাভিশন' টিভি চ্যানেল-কে ১ থেকে ৩ এর মধ্যে না রাখলে আমাদেরকে অফিসে এসে, অফিসে আসার-যাওয়ার সময় গাড়িতে কিংবা বাড়িতে গিয়ে ক্ষতিসাধন করার হুমকি দেন। এমতাবস্থায়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মালিকানাধীন কোম্পানির কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালনকালে আমাদের প্রতি প্রদত্ত হুমকির ঘটনায় কর্মচারীগণ নিজেদের নিরাপত্তা নিয়ে চরম উদ্বেগ ও অনিশ্চয়তার মধ্যে রয়েছেন এবং এমন পরিস্থিতিতে টিআরপি ডাটা প্রকাশ করা, টিআরপি সেবা প্রদানের সাথে জড়িত ৭-৮ জন কর্মকর্তা/পরামর্শক কেউই নিজেদেরকে নিরাপদ মনে করছেন না। ফলে কোম্পানির টিআরপি শাখায় কর্মরত কর্মচারীগণ তাদের নিজেদের এবং পারিবারিক সদস্যদের নিরাপত্তার ব্যাপারে চরম উদ্বেগ ও অনিশ্চয়তার মধ্যে রয়েছেন এবং বাণিজ্যিকভাবে পরিচালিত টিআরপি সেবা পরিচালনা করা ঝুঁকির সম্মুখীন হয়েছে। এমতাবস্থায়, উপরোক্ত বিষয়টি ভবিষ্যতের জন্য সাধারন ডাইরীভুক্ত করিয়া রাখা একান্ত প্রয়োজন।

অতএব, উপরোক্ত বিষয়টি আপনার থানায় সাধারন ডাইরীভুক্ত করিতে জনাবের মর্জি হয়।

তারিখ : ১৫/০৭/২০২৬

বিনীত
মোঃ জিয়াউল ইসলাম
[redacted]

মনিরুজ্জামান খান

[redacted]

বিপি-৮৭১৪১৬৭১০০
(ডিউটি অফিসার)

প্রস্তুতকারীর নাম ও স্বাক্ষর

মনিরুজ্জামান খান
বিপি-৮৭১৪১৬৭১০০
ডিউটি অফিসার
রমনা থানা
ডিএমপি, ঢাকা।

এসআই (নিরস্ত্র) মোহাম্মদ আবুল বাশার
বিপি-৮১০০০৫৬৩৩৪
[redacted]

এই ডায়েরী সংক্রান্তে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করুন।

মোহাম্মদ রাহাৎ খান, বিপিএম